

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১৮, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

গৌর-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২০ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ/০৩ এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং ৮২-আইন/২০২৪।—যেহেতু স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অতৎপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১০ জৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ মোতাবেক ২৪ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৭১-আইন/২০২৩ দ্বারা জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন মেলান্দহ পৌরসভার পৌর এলাকার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করিয়া উক্ত প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে অনুর্ধ্ব ১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে উক্তরূপ অভিপ্রায় প্রস্তাবের বিবৃক্তি সরকারের বরাবরে লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে মর্মে নির্দেশনা প্রদান করিয়াছে; এবং

যেহেতু, উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৩) অনুযায়ী কোনো আপত্তি উত্থাপিত না হওয়ায় সরকার নিম্ন তফসিলে বর্ণিত এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিবার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু, সরকার উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিল, যথা:—

( ৭১১৫ )

মূল্য : টাকা ৮.০০

## তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নং
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	৫ নং নয়ানগর	মেঘারবাড়ী	১৯	০১-১৩৪৩ পর্যন্ত (সম্পূর্ণ)
২।	৫ নং নয়ানগর	জালালপুর	৫৮	৩০৯-৩১৯, ৩২৬-৩৪৪, ৩৫৫-৪২২, ৫৯০- ৬৪৪, ৮০৮-৮২৫, ও ৮৭৯-৯২৮ পর্যন্ত (আংশিক)
৩।	৫ নং নয়ানগর	ছিন্না	৬০	০১-৪৮ ও ৫০-৫২ পর্যন্ত (আংশিক)
৪।	৫ নং নয়ানগর	বুরুঙ্গা	৫৯	০১-১৬৩ ও ২৮৫-৩৪০ পর্যন্ত (আংশিক)
৫।	৫ নং নয়ানগর	মালঞ্চ	৮৩	০১-১৭ পর্যন্ত (আংশিক)
৬।	৫ নং নয়ানগর	উদনা পাড়া (১ম খণ্ড)	৭৩/১	০১-১০ পর্যন্ত (আংশিক)
৭।	৫ নং নয়ানগর	উদনা পাড়া (২য় খণ্ড)	৭১	০১-২৭ পর্যন্ত (সম্পূর্ণ)
৮।	৫ নং নয়ানগর	হাট গোবিন্দপুর	৭২	০১-০৯ পর্যন্ত (আংশিক)
৯।	৫ নং নয়ানগর	লক্ষ্মীপুর	৭০	৩৩-৪১ ও ১১৩-১৪৩ পর্যন্ত (আংশিক)
১০।	৬ নং আদ্রা	আরজি বাগদিয়া	৬৯	৪৩-৪৫ পর্যন্ত (আংশিক)
১১।	৬ নং আদ্রা	মেলানদহ	৫৬	৮৫৪-৮৬৫ পর্যন্ত (আংশিক)
১২।	৬ নং আদ্রা	বাঘাড়োবা	৬১	৮৭০-৮৩৩, ১০৬৭-১২৩০ ও ২৫২৭-২৫৭৫ পর্যন্ত (আংশিক)

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহম্মদ ইব্রাহিম**  
সচিব।